# ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
## খাগড়াছড়ি

অদ্য ২৭/০২/২০১১ খ্রিঃ রোজ রবিবার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর নির্বাহী পরিষদের ২য় সভা ইনস্টিটিউট কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউট নির্বাহী পরিষদের মাননীয় সভাপতি ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুসারে সভার কাজ শুরুর করার জন্য এবং বিগত সভার কার্যবিবরণী পাঠের জন্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর পরিচালক জনাব সুসময় চাকমা কে অনুরোধ করেন ।
(সভার উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক)

ইনস্টিটিউটের পরিচালক পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান , পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উপ সচিব এবং অপর সম্মানিত সদস্যগণকে ইনস্টিটিউটের পক্ষ থেকে এবং ব্যক্তিগত পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এর পর আলোচ্য অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্ন লিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।

| নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতির বিকাশ, সংরক্ষন ও ডকুমেন্টেশন ' শীর্ষক কর্মসূচি | আলোচনাঃ<br>পরিচালক সভাকে অবহিত করেন যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে বর্তমান অর্থ বছর ২০১০-২০১১ এর জন্য খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতির বিকাশ, সংরক্ষণ ও ডকুমেন্টেশন ' শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন করার জন্য ৮০.৭০ (আশি লক্ষ সত্তর হাজার) টাকা বরাদ্ধ পাওয়া গিয়েছে এবং ১ম,২য় ও ৩য় কিস্তি বাবদ ৬০.৫২ (ষাট লক্ষ বায়ন্ন হাজার) টাকাও মন্ত্রণালয় হতে ছাড় করা হয়েছে। তিনি বাস্তবায়িতব্য কর্মসূচির বিবরণ সভায় পেশ করেন এবং ইতোমধ্যে অডিও এ্যালবাম তৈরীর কাজ শুরু করা হয়েছে বলিয়া জানান । এছাড়াও মাঠপর্যায়ে কর্মসূচির মধ্যে নৃত্য-গীত ও বাদ্য যন্ত্র প্রশিক্ষণ এবং দু'দিন ব্যাপী লোকজ সংস্কৃতি মেলা যথাক্রমে দিঘীনালা ও পানছড়ি উপজেলা সদরে প্রণীত সূচি অনুসারে আয়োজন করা হবে বলিয়া সভাকে জানান।<br>**সিদ্ধান্তঃ** প্রণীত কর্মসূচি বাস্তবায়িতব্য উপজেলার উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারদের সাথে যোগাযোগ করে সুষ্ঠভাবে বাস্তবায়ণ করার জন্য পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটকে অনুরোধ করা হল। | পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট |
| ২. | তহবিল সংক্রান্ত | আলোচনাঃ<br>পরিচালক সভাকে জানান 'বাংলাদেশ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১০' অনুসারে ইনস্টিটিউটের তহবিল মাননীয় চেয়ারম্যান ও পরিচালকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হয়ে আসছে। বর্তমানে ইনস্টিটিউটের নিজস্ব অর্থবিধি না হওয়া পর্যন্ত জরুরী ভিত্তিতে বিদ্যুত,পানি, টেলিফোন, খাতা কাগজসহ বিবিধ ব্যয় নির্বাহ করার জন্য এবং কর্মকর্তা-কর্মচারীদের ভ্রমণ ভাতার বিল পরিশোধ করার জন্য প্রতিমাসে পরিচালককে অনুর্ধ ১৫,০০০/(পনের হাজার) টাকা পর্যন্ত একক স্বাক্ষরে অর্থ উত্তোলণের বিষয়টি সদয় বিবেচনা করার জন্য সভায় পেশ করেন। | ঐ |

পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

| | | | |
|---|---|---|---|
| . | | সিদ্ধান্তঃ<br>বিস্তারিত আলোচনার পর অর্থবিধী না হওয়া পর্যন্ত প্রতিমাসে পরিচালককে অনুর্ধ ১৫,০০০/(পনের হাজার) একক স্বাক্ষরে অর্থ উত্তোলণসহ প্রভৃতির ব্যয় নির্বাহ করার জন্য অনুমতি প্রদান করা হল। | ঐ |
| ৩ | টেন্ডার কমিটি | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের সকল প্রকার ক্রয় সংক্রান্ত কার্য সম্পাদনের জন্য পিপিআর ২০০৮ অনুসারে একটি টেন্ডার কমিটি গঠনের জন্য পরিচালক সভাকে অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ<br>বিস্তারিত আলোচনার পর পিপিআর ২০০৮ আইন অনুসারে নিম্নরুপ একটি টেন্ডার কমিটি গঠন করা হল।<br><br>আহব্বায়কঃ পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।<br>সদস্য ঃ পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি ।<br>ঃ সহকারী প্রকৌশলী, এলজিইডি, খাগড়াছড়ি।<br>ঃ জেলা সমবায় কর্মকর্তা,খাগড়াছড়ি ।<br>ঃ প্রশিক্ষক(সংগীত), ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি। | ঐ |
| ৪. | বিবিধ<br>ক. নিজস্ব মনোগ্রাম | পরিচালক সভাকে জানান যে, 'বাংলাদেশ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১০' অনুসারে সংবিধীবদ্ধ সংস্থা হিসেবে ইনস্টিটিউটের জন্য একটি মনোগ্রাম আবশ্যক।<br>সিদ্ধান্তঃ<br>বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনার পর ইনস্টিটিউটের জন্য একটি নিজস্ব মনোগ্রাম অতীব অপরিহার্য বিধায় ব্যক্তিগতভাবে এবং পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে কমপক্ষে ৩টি মনোগ্রাম পরবর্তী সভায় উপস্থাপনের জন্য পরিচালককে অনুরোধ করা হয়। | ঐ |
| | খ. সম্মানী ভাতা | নির্বাহী পরিষদের সম্মানিত সদস্যগণকে পরিষদ সভায় যোগদানের জন্য সম্মানী ভাতা প্রদানের বিষয়টি বিবেচনার জন্য সভায় উপস্থাপিত হলে প্রতি সভায় ১,০০০/০০(এক হাজার) টাকা হারে প্রদানের জন্য সকলে অভিমত প্রদান করেন।<br>সিদ্ধান্তঃ<br>বাজেটে সম্মানী খাতের সংস্থান রেখে উল্লেখিত হারে (১ম সভা হতে) সম্মানী ভাতা পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হল। | ঐ |
| | গ. কম্পিউটার মেরামত | পরিচালক সভাকে জানান যে, ইনস্টিটিউটের কম্পিউটারটি দীর্ঘদিন ধরে অচল। এটি বিগত ২০০৩ সালে প্রকল্পের মাধ্যম পাওয়া গিয়েছিল। তাই জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য আনুমানিক ২৫ হাজার টাকা ব্যয় প্রয়োজন। তিনি কম্পিউটারটি (মনিটর ব্যতীত) মেরামত করার বিষয় সদয় বিবেচনার জন্য উপস্থাপন করেন।<br>সিদ্ধান্তঃ জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য বিধি অনুসারে কোটেশন সংগ্রহের মাধ্যমে স্থানীয় কম্পিউটার মেরামতকারীদের নিকট হতে মেরামত করে নেয়ার জন্য মত প্রদান করা হয়। | ঐ |



২৭/০২/১১

পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি

২৭/০২/১১

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| | ঘ. দূর্লভ বই প্রকাশনা | আলোচনাঃ<br>পরিচালক জানান যে, 'খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতির বিকাশ, সংরক্ষন ও ডকুমেন্টেশন ' শীর্ষক কর্মসূচির আওতায় একটি দূর্লভ বই প্রকাশ করার জন্য অর্থ সংস্থান রাখা আছে। তিনি ঐ খাত হতে ভূতপূর্ব পার্বত্য চট্টগ্রামের প্রথম জেলা প্রশাসক Captain T.H. Lewin কর্তৃক লেখা The Hill Tracts of Chittagong and the Dwellers Therein গ্রন্থটি পূনঃমুদ্রণ করে প্রকাশ করার জন্য প্রস্তাব পেশ করেন। উক্ত বইটি Bengal Printing Company Limited, Calcutta কর্তৃক ১৮৬৯ সালে প্রকাশিত হয়েছিল। বইটি গবেষনা কাজে অতীব সহায়ক। বর্তমানে বাংলাদেশে এই বইটি পাওয়াও যায় নাই। তৎকালীন উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট-এর পরিচালক স্বর্গীয় সুরেন্দ্র লার ত্রিপুরা লন্ডন মিউজিয়াম হতে উক্ত বইটির এক কপি ফটোকপি করে সংগ্রহ এনেছিলেন। উক্ত গ্রন্থটি পূনমুদ্রন করা হলে অনেক গবেষক ও শিক্ষানুরাগী উপকৃত হবেন।<br>সিদ্ধান্তঃ<br>কমিটির সকল সদস্যগণ প্রস্থাবটি অতীব উত্তম বলিয়া মত প্রকাশ করেন। পান্ডুলিপির কপি সকলে দেখেন এবং উক্ত পান্ডুলিপিটি পূনঃমুদ্রন করে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পরিচালককে অনুরোধ করা হল। | |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় দেষজ সংস্কৃতি বিকাশ ও উন্নয়নের লক্ষ্যে দেশব্যাপী এই গৃহিত কর্মসূচি যাতে তৃণমূল পর্যায়ে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগণ অংশগ্রহনের মাধ্যমে জাতীয় সংস্কৃতির উন্নয়নে অবদান রাখতে পারে এই প্রত্যাশা রেখে উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/০৬/১১

(কুজেন্দ্র লাল ত্রিপুরা)
সভাপতি
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট নির্বাহী পরিষদ
ও
চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি নির্বাহী পরিষদের ২য় সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের উপস্থিতি ও স্বাক্ষর

তারিখ ঃ ২৭/০২/২০১১ খ্রিঃ
স্থানঃ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট কার্যালয়।

| ক্রঃ নং | উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম ও পদবী | অফিস বা সংস্থার নাম | স্বাক্ষর ও মোবাইল নং |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | এ এস এম জাকির হোসেন<br>উপ সচিব(সমন্বয়) | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | Hossain<br>01711-270280 |
| ২. | | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | A |
| ৩. | জনাব বীর কিশোর চাকমা<br>সম্মানিত সদস্য | পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি। | [illegible] 27/2/11<br>[illegible] |
| ৪. | জনাবা শ্রীলা তালুকদার<br>প্রধান শিক্ষক | খাগড়াছড়ি সরকারী উচ্চ বিদ্যালয় | A |
| ৫. | মধুমঙ্গল চাকমা<br>সভাপতি | চাঙমা একাডেমী খাগড়াছড়ি | [illegible]<br>01556423208 |
| ৬. | এ্যাড. রতন কুমার দে<br>বিশিষ্ট সংস্কৃতি কর্মী | বিশিষ্ট সংস্কৃতি কর্মী খাগড়াছড়ি | [illegible] ২৭/২/১১ইং<br>01556774233 |
| ৭ | মথুরা বিকাশ ত্রিপুরা<br>নির্বাহী পরিচালক | জাবারাং কল্যান সমিতি খাগড়াছড়ি | [illegible]<br>01552356456 |
| ৮. | অংসুই মারমা<br>বিশিষ্ট সংস্কৃতি কর্মী | বিশিষ্ট সংস্কৃতি কর্মী খাগড়াছড়ি | [illegible] 27/2/11<br>01556554051 |
| ৯. | সুসময় চাকমা<br>পরিচালক | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | [illegible] 27/2<br>01556440136 |

পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ঃ

| ক্রঃ নং | উপস্থিত সম্মানিত পর্যবেক্ষকগণের নাম ও পদবী | অফিস বা সংস্থার নাম | স্বাক্ষর ও মোবাইল নং |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | শ্রাবস্তী রায়<br>ভূমি কর্মকর্তা | পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি | A |
| ২ | — | — | — |
| ৩ | — | — | — |